কোটচাঁদপুরে দেশীয় অস্ত্র দেখিয়ে নগদ টাকা, মোবাইল ও মটর সাইকেল ছিনতাই

দেশীয় অস্ত্র দেখিয়ে নগদ টাকা, মোবাইল ও মটর সাইকেল ছিনতাইয়ের ঘটনা ঘটেছে। শুক্রবার সন্ধ্যা রাতে কোটচাঁদপুরের ঘাঘা- জালালপুর সড়কের বালুখোলা নামকস্থানে এ ঘটনা।

ভুক্তভোগী আব্দুল খালেক বলেন, গতকাল শুক্রবার (২১ এপ্রিল) তারিখ বিকেলে তালসারে গিয়েছিলাম জামাই বাড়ি। ওইদিনই সন্ধ্যা রাতে আমার গ্রামের বাড়ি জালালপুর ফিরছিলাম।

পথিমধ্যে ঘাঘা- জালালপুর সড়কের বালুখোলা নামকস্থানে আসার পর দুই জন ধারালো দা দেখিয়ে আমার গতিরোধ করে। ছিনিয়ে নেন আমার মোবাইল,নগদ ৭ হাজার টাকা আর মটর সাইকেলের চাবি। এরমধ্যে ওই স্থানে চলে আসে জালালপুর দর্গা পাড়ার কামরুল ইসলাম। তাঁর কাছে ছিল পালসার মটর সাইকেল।
সে আসার পর তাঁর কাছ থেকে মটর সাইকেলটি ছিনিয়ে নিয়ে চলে যান।

তিনি বলেন, এ সময় আমি মটর সাইকেল থেকে নামতে গেলে,তারা আমাকে গুলি করে দিবেন বলে হুমকি দেন। এ ঘটনার পর কামরুল ইসলাম থানায় গিয়েছিল। আর আমার কাছ থেকে তালসার পুলিশ ফাঁড়ির অফিসার সব কিছু লিখে নিয়েছেন।

মটর সাইকেল দুই আরোহী কোটচাঁদপুরের জালালপুর গ্রামের বাসিন্দা। তাদের কাছ থেকে নগদ ৭ হাজার টাকা, ৩ টি মোবাইল ও মটর সাইকেল নিয়ে গেছেন বলে জানা গেছে।

তালসার পুলিশ ফাঁড়ির উপপরিদর্শক আজগর আলী বলেন, ঘটনা শোনার পর, আমি ঘটনাস্থলে গিয়ে ছিলাম। সব কিছু শুনেছি। অভিযোগ করতে তাদের থানায় যাবার কথা ছিল। গেছেন কিনা জানা নাই।

বিষয়টি নিয়ে কোটচাঁদপুর থানার ডিউটিরত উপপরিদর্শক (এসআই) সিরাজ আলম বলেন,ওই ঘটনায়, এখনও পর্যন্ত কেউ কোন অভিযোগ বা জিডি হয়নি।